

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

নং- ৪৬.১০.০০০০.০১৩.৯৯.০২৯.২৫-১৮৯

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১
১২ মার্চ ২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য সিটি কর্পোরেশনে নগদ অর্থের বরাদ্দ এবং প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা তৈরি ও দাখিল।

সূত্র: (১) জেলা প্রশাসকের কার্যালয় স্মারক নম্বর- ৫১.০১.২৬০০.০১৮.১৪.৪২.০১৪.২৫-১০৬, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি।
(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক- ৫১.০০.০০০০.০০০.৪২২.৯৮.০০০৪.২৫-৩৪, তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে ব্যয় নির্বাহ হবে। উক্ত বরাদ্দ সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের অনুকূলে নিম্নোক্তভাবে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক	অঞ্চল	সাধারণ ওয়ার্ড সংখ্যা	অঞ্চলভিত্তিক মোট টাকার পরিমাণ
১	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১	সাধারণ ওয়ার্ড = ২	৭৩৯৭৩০.০০
২	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২	সাধারণ ওয়ার্ড = ৮	২৯৬২৮৭০.০০
৩	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩	সাধারণ ওয়ার্ড = ১০	৩৭০৪২৯০.০০
৪	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪	সাধারণ ওয়ার্ড = ৭	২৫৯৩০০০.০০
৫	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫	সাধারণ ওয়ার্ড = ৯	৩৩৩৩৩০০.০০
৬	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৬	সাধারণ ওয়ার্ড = ৪	১৪৮১৭১০.০০
৭	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৭	সাধারণ ওয়ার্ড = ৪	১৪৮১৭১০.০০
৮	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৮	সাধারণ ওয়ার্ড = ৩	১১১০৮৪০.০০
৯	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৯	সাধারণ ওয়ার্ড = ৩	১১১০৮৪০.০০
১০	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১০	সাধারণ ওয়ার্ড = ৪	১৪৮১৭১০.০০
মোট		সাধারণ ওয়ার্ড = ৫৪	২,০০,০০,০০০.০০


২। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (কপি সংযুক্ত) এবং ০২ নং সূত্রোক্ত স্মারকের পত্রের শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়ার্ড ভিত্তিক প্রকল্প তালিকা প্রস্তুত করতে হবে। উল্লেখ্য, পিআইসি এর মাধ্যমে প্রকল্প প্রতি সর্বনিম্ন ১,১৩,০০০/- (এক লক্ষ তের হাজার) টাকা ও সর্বোচ্চ ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা পর্যন্ত বরাদ্দ করা যাবে এবং প্রতিটি ওয়ার্ডে ০৩ (তিন) এর অধিক প্রকল্প নির্বাচন করা যাবে না।

অন্যান্য শর্তাবলী:

- (১) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টি.আর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠন করে আনুষ্ঠানিক কাজ শুরু নিশ্চিত করতে হবে। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (৩) প্রস্তাবিত টাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে;
- (৪) প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলন (কেবলমাত্র মাটির কাজের জন্য) প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না। প্রি-ওয়ার্ক ডকুমেন্টের ছবি তুলে রাখা, ডিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়;
- (৫) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৬) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (৭) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;

(চলমান পাতা-২)

- (৮) এ বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টি.আর কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে আগামী ১৫.০৩.২০২৫ তারিখে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে প্রেরণ করতে হবে;
- (৯) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩০.০৩.২০২৫ খ্রি. তারিখের মধ্য সম্পন্ন করতে হবে এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে;



মোহাম্মদ মামুন-উল-হাসান
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১০.০০০০.০১৩.৯৯.০২৯.২৫-১৮৯

তারিখ: ১২ মার্চ ২০২৫

অনুলিপি: সদয় কার্যার্থে জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। প্রশাসকের একান্ত সচিব (মাননীয় প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা জেলা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট (কর্পোরেশনের ওয়েবসাইট আপলোড করার অনুরোধসহ), ডিএনসিসি।
- ৯। পিআইও, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
- ১০। সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল-, ডিএনসিসি।
- ১১। সচিবের ব্যক্তিগত সহকারী (সচিবের সদয় অবগতির জন্য), ডিএনসিসি।
- ১২। অফিস কপি।